

সাকুলার লেটার নং-প্রকা/কব্যবি-০৬/২০২১

তারিখঃ ৩০.১১.২০২১

বিষয়ঃ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের কম্পিউটার ক্রয় অগ্রিম নীতিমালা, ২০০৪ আংশিক সংশোধন ও সংযোজন।

কর্মী ব্যবস্থাপনা বিভাগের ১৭.০৩.২০০৪ তারিখের প্রকা/কব্যবি-০৮/২০০৪ নম্বর সাকুলার মারফত জারীকৃত রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীগণের কম্পিউটার ক্রয় অগ্রিম নীতিমালা, ২০০৪ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। কম্পিউটার ক্রয় অগ্রিম নীতিমালা, ২০০৪ এর আংশিক সংশোধন ও সংযোজন বিষয়ে ৩১.১০.২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৮৫তম সভায় সারসংক্ষেপ উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয়:

“সিদ্ধান্ত ১৪.১: ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের কম্পিউটার ক্রয় অগ্রিমের পরিমাণ ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা হতে বৃদ্ধি করে ৭৫,০০০.০০ (পঁচাত্তর হাজার) টাকা নির্ধারণ করা হলো।

সিদ্ধান্ত ১৪.৩: কম্পিউটার ক্রয় অগ্রিম প্রাপ্তির যোগ্যতার ক্ষেত্রে ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের চাকরিকাল কমপক্ষে ১ (এক) বছর হতে হবে এবং ঋণ মঞ্জুরির সময় চাকরিকাল কমপক্ষে ১ (এক) বছর থাকতে হবে। এছাড়া একজন কর্মকর্তা/কর্মচারী কম্পিউটার অগ্রিম গ্রহণের ৫(পাঁচ) বছর পর পুনরায় এ ঋণ প্রাপ্তির যোগ্য হবেন। কম্পিউটার ক্রয় অগ্রিম সংক্রান্ত নীতিমালার অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।”

০৩। অপরদিকে ২৭.০৯.২০২১ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৫৩৭তম সভায় কম্পিউটার ক্রয় অগ্রিমের সুদহার পুনঃনির্ধারণ বিষয়ে উপস্থাপিত সারসংক্ষেপের পরিপ্রেক্ষিতে পর্ষদ কর্তৃক সুদহার পুনঃনির্ধারণের অনুমোদনসহ নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করা হয়:

“সিদ্ধান্ত ৭.১: (ক) কর্মী ব্যবস্থাপনা বিভাগের উপস্থাপিত সারসংক্ষেপের প্রস্তাব অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীগণের কম্পিউটার ক্রয় অগ্রিমের সুদহার ৬.৫% নির্ধারণের অনুমোদন দেয়া হলো।

(খ) কম্পিউটার ঋণের সদ্যবহার যথাযথভাবে যাচাই করতে হবে। কম্পিউটার অগ্রিম আবেদনের সাথে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ প্রদত্ত কম্পিউটার জানা বিষয়ক প্রত্যয়নপত্র প্রদান করতে হবে।”

০৪। এমতাবস্থায় পরিচালনা পর্ষদের উপরোক্ত সিদ্ধান্তসমূহ কম্পিউটার ক্রয় অগ্রিম নীতিমালা, ২০০৪ এ সংযোজন করা হলো। কম্পিউটার ক্রয় অগ্রিম নীতিমালার অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

০৫। ইহা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

(রঞ্জিত কুমার সেন)  
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কব্যবি-১৯/২০২১-২০২২/ ১৫৫২ (৪৫৩)

তারিখঃ ৩০.১১.২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৫. মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৬. সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৭. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৮. অধ্যক্ষ, রাকাব প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
৯. প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
১০. উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১১. সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১২. উপ-মহাব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১৩. উপ-প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, ডিপিও, রাজশাহী/রংপুর।
১৪. সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৫. সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৬. অফিস নথি।

(শেখ মুকতারুজ্জামান)  
সহকারী মহাব্যবস্থাপক